



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১১৯, সদরঘাট রোড, চট্টগ্রাম।
<http://food.chittagongdiv.gov.bd>



নম্বর: ১৩.০১.০০০০.২১০.৩৯.০৪৬.২০.৫৩

১৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

পরিপত্র

জনপ্রশাসন মন্ত্রণালয়, সিআর-৩ শাখা এর ২২/১১/২০২৩ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১০২.৪৫.০০৬.২৩-৬৫ নং স্মারকে এবং খাদ্য অধিদপ্তর, প্রশাসন বিভাগ, ঢাকা এর ২৯/১১/২০২৩ খ্রি. তারিখের ৪১ নং স্মারকে জারিকৃত “১০ম-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩” অনুযায়ী “যথাসময়ে/যথানিয়মে স্বাস্থ্য পরীক্ষাপূর্বক গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষর সংক্রান্ত বিষয়ে প্রদত্ত নির্দেশনার ২.৬ নং অনুচ্ছেদে “গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর অধিশাখায় প্রেরণের নির্ধারিত সময় যথাক্রমে পরবর্তী বছরের ৩১ জানুয়ারী, ২৮ ফেব্রুয়ারী, ও ৩১ মার্চ (অনু: নং-২.৬.১, ২.৬.২, ২.৬.৩) নির্দিষ্ট করা আছে। যথাসময়ে গোপনীয় অনুবেদন দাখিল অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরকরণে ব্যর্থতায় অনুশাসনমালার ২.৬.৫ ও ২.৬.৬ নং নির্দেশনানুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিধান রয়েছে” মর্মে উল্লেখ করে উক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণের জন্য বলা হয়েছে। এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরের উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য অনুরোধ করা হ’ল। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩-০১-২০২৪

এস.এম. কায়ছার আলী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

০২৩৩৩৬৭৩৪ (ফ্যাক্স)

rcf.ctg@dgfood.gov.bd

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), চট্টগ্রাম বিভাগ।;
- ২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম;
- ৩। সহকারী রসায়নবিদ, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম;
- ৪। ব্যবস্থাপক (সকল),..... সিএসডি, চট্টগ্রাম বিভাগ;
- ৫। সহকারী উপ-পরিচালক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম;
- ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.....চট্টগ্রাম বিভাগ;
- ৭। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা (সকল),.....চট্টগ্রাম বিভাগ এবং
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), এলএসডি, চট্টগ্রাম বিভাগ।

নম্বর: ১৩.০১.০০০০.২১০.৩৯.০৪৬.২০.৫৩/১(৩)

১৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ২। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং
- ৩। অফিস কপি।



০৩-০১-২০২৪

এস.এম. কায়ছার আলী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

সকল সংযুক্তিসমূহ:

(১) ১০-২০তম গ্রেডভুক্ত কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন অনুশাসন নীতিমালা ২০২৩